

# **রিয়াযুস স্বা-লিহীন (রিয়াদুস সালেহীন)**

হাদিস নাম্বারঃ ১৬৪ [আন্তর্জাতিক নাম্বারঃ ১৬০]

বিবিধ (كتاب المقدمات)

পরিচ্ছেদঃ ১৬: সুন্নাহ পালনের গুরুত্ব ও তার কিছু আদব প্রসঙ্গে

(16) \_ باب الأمر بالمحافظة على السنة وآدابها

### আরবী

الخامس: عن أبي عبد الله النعمان بن بشير رضي الله عنهما، قال: سمعت رسول الله صلى الله عليه وسلم يقول: "لتسون صفوفكم أو ليخالفن الله بين وجوهكم" (متفق عليه).

وفي رواية لمسلم: كان رسول الله صلى الله عليه وسلم يسوي صفوفنا حتى كأنما يسوي بها القداح ،حتى إذا رأى أنا قد عقلنا عنه ثم خرج يوما، فقام حتى كاد أن يكبر، فرأى رجلاً بادياً صدره فقال: " عباد الله لتسون صفوفكم أو ليخالفن الله بين وجوهكم".

#### বাংলা

৫/১৬৪। নু'মান ইবনু বাশীর রাদিয়াল্লাহু 'আনহু বলেন যে, আমি রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম কে বলতে শুনেছি, ''তোমরা তোমাদের (নামাযের) কাতার অবশ্যই সোজা কর, নতুবা আল্লাহ তোমাদের চেহারা পরিবর্তন করে দেবেন। (অথবা তোমাদের মধ্যে ভেদাভেদ সৃষ্টি করে দেবেন।)'' বুখারী-মুসলিম)

মুসলিমের অন্য এক বর্ণনায় আছে, রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম আমাদের কাতারসমূহ এমনভাবে সোজা করতেন, যেন তিনি তার দ্বারা তীর সোজা করছেন। যতক্ষণ না তিনি অনুভব করতেন যে, আমরা তাঁর নিকট থেকে এর গুরুত্ব বুঝে নিয়েছি। অতঃপর একদিন তিনি (নামায পড়ার জন্য) বের হয়ে তিনি (ইমামের জায়গায়) দাঁড়ালেন। এমনকি তিনি তকবীর বলে নামায শুরু করতে যাচ্ছেন, এমতাবস্থায় তিনি একটি লোককে দেখলেন যে, সে তার বুক কাতার থেকে বের করে রেখেছে। সুতরাং তিনি বললেন, "হে আল্লাহর বান্দারা! তোমরা অবশ্যই তোমাদের কাতারসমূহ সোজা করবে, নচেৎ তিনি তোমাদের চেহারা পরিবর্তন করে দেবেন। (অথবা তোমাদের মধ্যে ভেদাভেদ সৃষ্টি করে দেবেন।)"[1]

## **English**



(16) Chapter: Observing the Sunnah and the manners of its obedience

Nu'man bin Bashir (May Allah be pleased with them) reported: Messenger of Allah (ﷺ) said, "Straighten your rows (during Salat) or Allah would create dissension amongst you".

[Al-Bukhari and Muslim].

In another narration reported by Muslim, Nu'man bin Bashir (May Allah be pleased with them) narrated: Messenger of Allah ( used to straighten our rows (in Salat), as if he was straightening an arrow with their help until he saw that we had learnt it from him. One day he came out, stood up (for Salat) and was about to say: Allahu Akbar (Allah is the Greatest), (marking the beginning of the prayer) when he saw a man, whose chest was bulging out from the row. He said, "Slaves of Allah, you must straighten your rows or Allah would create dissension amongst you."

## ফুটনোট

[1] সহীহুল বুখারী ৭১৭, মুসলিম ৪৩৬, তিরমিয়ী ২২৭, নাসায়ী ৮১০, আবূ দাউদ ৬৬২, ৬৬৩, ৬৬৫, ইবনু মাজাহ ৯৯৪, আহমাদ ১৭৯১৮, ১৭৯৫৯

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ তাওহীদ পাবলিকেশন

🧕 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন